ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৫১ ● কলকাতা ● ২১ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ০৫ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## মধ্যরাতে কলকাতায় ফিরলেন অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিশ্বের দরবারে অপারেশন সিঁদুর ও সন্ত্রাসবাদ দমনে ভারতের ভূমিকার কথা তুলে ধরে দেশে ফিরলেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার মধ্যরাতে কলকাতা বিমানবন্দরে পৌঁছন তিনি। প্রতিনিধি দলের সদস্য হিসেবে ২ সপ্তাহে এশিয়ার পাঁচটি দেশে ভারতের বার্তা পৌঁছে দিয়েছেন। এই সফর নিয়েই বুধবার প্রতিনিধি দলের সদস্যদের সঙ্গে বৈঠক করবেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। ভারতের বার্তা বিশ্বের দরবারে তুলে ধরতে সাতটি প্রতিনিধি দল পাঠিয়েছে কেন্দ্র। প্রতিনিধি দলের সদস্য হিসেবে কেন্দ্রের তরফে প্রথমে বহরমপুরের তৃণমূল সাংসদ ইউসুফ পাঠানের নাম জানানো হয়। তা নিয়ে তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, কোন দলের কে প্রতিনিধি হিসেবে যাবেন, তা কেন্দ্র ঠিক করতে পারে না। এরপর সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু মমতাকে ফোন করেন। প্রতিনিধি হিসেবে নাম প্রস্তাবের অনুরোধ করেন। তারপরই অভিষেকের নাম চূড়ান্ত করে তৃণমূল। মঙ্গলবার সেই প্রসঙ্গ উল্লেখ না করেই অভিষেক বলেন, প্রতিনিধি

এরপর ৩ পাতায়

## প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে অস্ট্রেলিয়ার উপপ্রধানমন্ত্রী তথা প্রতিরক্ষা মন্ত্রীর সাক্ষাৎ




**নতুন দিল্লি, ০৪ জুন, ২০২৫**

অস্ট্রেলিয়ার উপপ্রধানমন্ত্রী তথা প্রতিরক্ষা মন্ত্রী রিচার্ড মার্লেস আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করেন। সদ্য সমাপ্ত যুক্তরাষ্ট্রীয় নির্বাচনে অস্ট্রেলিয়ান লেবার পার্টির ঐতিহাসিক সাফল্যের জন্য প্রধানমন্ত্রী তাঁকে অভিনন্দন জানান।

ভারত-অস্ট্রেলিয়া সার্বিক কৌশলগত অংশীদারিত্বের ৫ বছর পূর্ণ হল আজ। দুই

এরপর ৩ পৃষ্ঠায়






# পুলিশ কমিশনার পদ থেকে সরে যাওয়া বিনীত পেলেন বড় দায়িত্ব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রদবদল হল পুলিশে। এক পদ থেকে অন্য পদে সরিয়ে দেওয়া হল একাধিক পুলিশ কর্তাকে। অতিরিক্ত দায়িত্ব পেলেন বেশ কয়েকজন আইপিএস। তেমনই আবার কাউকে পাঠানো হল অন্য বিভাগে। প্রশাসনিক সূত্রে খবর, গোটা বিষয়টি নিয়ে একটি রুটিন বদল।এর পাশাপাশি শ্যাম সিং-কে নিয়ে আসা হয়েছে ডিজি এবং আইজি সাইবার সেলে। দময়ন্তী সেন এডিজি -আইজি পলিশি থেকে এডিজি - আইজি এপি করা হল। হরি কিশোর কুসুমাকারকে এডিজি সাইবার থেকে এডিজি -আইজি কোস্টাল সিকিউরিটি-তে পাঠানো হল। অতিরিক্ত দায়িত্ব পেলেন আনন্দ কুমার। এডিজি লিগ্যাল সেলের পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব হিসাবে এডিজি-আইজি পলিসি দেওয়া হয়েছে তাঁকে। শঙ্খশুভ্র চক্রবর্তী কে আইজি সিআইডি দুই র পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব হিসেবে আইজি সাইবার সেলের দায়িত্ব দেওয়া হয়েছে।পুলিশ সূত্রে খবর, বিনীত গোয়েলকে এডিজি - আইজি এসটিএফর পাশাপাশি এডিজি-আইজি অ্যাডমিনিস্ট্রেশনের দায়িত্ব দেওয়া হয়েছে।অজয় রানাডেকে সরানো হল হোমগার্ডে। বস্তুত, তিলোত্তমার ঘটনার পর পুলিশ কমিশনার পদ থেকে বিনীত গোয়েলকে সরাতে চেয়ে মুখ্যমন্ত্রীকে বারেবারে জানান আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা। এরপর ডাক্তারদের কথা মেনে নিয়ে পদ থেকে সরানো হয় বিনীতকে। সেই সময় মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, বিনীত নিজেই কলকাতা পুলিশ কমিশনার পদ থেকে সরতে চেয়েছিলেন। এবার সেই বিনীতকেই দেওয়া হল অতিরিক্ত দায়িত্ব। অপরদিকে, দুঁদে আইপিএস অজয় রানাডে-কে হোমগার্ডে বদলি করা নিয়ে পুলিশ মহলে নানা জল্পনা শুরু হয়েছে।

## বিকশিত কৃষি সংকল্প অভিযান



**পার্থ ঝা,মালদা**

কেন্দ্র সরকারের অনুপ্রেরণায় ও মালদা কৃষি বিজ্ঞান কেন্দ্র রতুয়া দপ্তরের উদ্যোগে কেন্দ্র সরকারের বিকশিত কৃষি সংকল্প অভিযান ২৯ শে মে থেকে ১২ জুন পর্যন্ত মালদা জেলার বিভিন্ন ব্লকে ব্লকে অনুষ্ঠিত হয়। আজ বিকশিত কৃষি সংকল্প অভিযান নিয়ে একটি শিবির অনুষ্ঠিত হয় মালদার গাজোল ব্লকের গোবিন্দপুর এলাকায়।জানা গেছে, গাজোল ব্লকের গোবিন্দপুর এলাকায় কৃষকদের নিয়ে একটি শিবির অনুষ্ঠিত হয়। বিকশিত কৃষি সংকল্প অভিযান নিয়ে

এরপর ৬ পাতায়

# রিয়েল টাইম ভোটদানের হার জানার জন্য নতুন পদ্ধতি চালু করল নির্বাচন কমিশন

**বেবি চক্রবর্ত্তী**

নির্বাচনের আগে ও পরে ভোটার তালিকা ভুয়ো থেকে শুরু করে ভোটার নিয়ে নানারকম বিতর্কের অনেক অভিযোগ বারবার উঠে আসে। এবার সেই সমস্যার সমাধানের পদক্ষেপ নিয়েছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে এবার থেকে নির্বাচন চলাকালীন রিয়েল টাইম ভোট দানের হার জানা যাবে। এই কাজটি হবে একটি অ্যাপের সাহায্যে। প্রিসাইডিং অফিসারের হাতে নিয়ন্ত্রণ থাকবে পুরো বিষয়টি।




নির্বাচন কমিশন জানিয়েছে পদ্ধতিটিকে ভোটার টার্নআউট রেশিও বা ভিটিআর বলা হচ্ছে। ECINET অ্যাপের সাহায্যে প্রতিটি ভোট কেন্দ্রের প্রিসাইডিং অফিসাররা ভোটের দিন প্রতি দু'ঘন্টা অন্তর ভোটদানের তথ্য আপলোড করবে। এই নতুন প্রক্রিয়ায় প্রতিটি ভোট কেন্দ্রের প্রিসাইডিং অফিসার ভোটের দিন প্রতি দু'ঘণ্টা অন্তর নতুন ECINET অ্যাপে সরাসরি ভোটদারের হার তুলে ধরবেন। যাতে ভোটদানের হাঁস আপডেট করার সময়সীমা কমানো যাবে। নির্বাচন কমিশন এক বিবৃতিতে এই কথা জানিয়েছে। এই নতুন নিয়মের পাশাপাশি পুরনো পুরনো পদ্ধতি অর্থাৎ পোলিং এজেন্টের ফর্ম ১৭ সি কোন পূরণ করার ক্ষেত্রে কোনো রকম পরিবর্তন আনা হচ্ছে না।

কংগ্রেসসহ বিরোধী দলগুলি মহারাষ্ট্র হরিয়ানার নির্বাচনের পর ভোটদানের হার সংক্রান্ত একাধিক অভিযোগ তুলে বিজেপির বিরুদ্ধে সরব হয়েছিল। তৃণমূল ভুয়ো ভোটার নিয়ে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছিল। প্রসঙ্গত উল্লেখ্য চলতি বছরেই বিহার বিধানসভা নির্বাচন। আবার আগামী বছরেই পশ্চিমবঙ্গ এবং তামিলনাড়ুতে নির্বাচন রয়েছে। সেই কারণেই নতুন পদ্ধতি চালু করতে চাইছে নির্বাচন কমিশন।






(1ম পাতার পর)

# মধ্যরাতে কলকাতায় ফিরলেন অভিষেক

দলের সদস্য হিসেবে জাপান রওনা দেওয়ার একদিন আগে তিনি জানতে পেরেছিলেন।

তবে সেই বৈঠকে তিনি থাকতে পারবেন না বলে জানালেন অভিষেক। বৈঠকে না থাকার পারার কারণও তিনি বিদেশমন্ত্রককে জানিয়ে দিয়েছেন।

গত ২১ মে প্রতিনিধি দলের সঙ্গে প্রথমে জাপান রওনা দিয়েছিলেন অভিষেক। জেডিইউ সাংসদ সঞ্জয় ঝার নেতৃত্বে ওই প্রতিনিধি দল এরপর দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া এবং মালয়েশিয়া যায়। সন্ত্রাসবাদে মদত দেওয়া নিয়ে পাকিস্তানের ভূমিকা বিশ্বের দরবারে তুলে ধরেন অভিষেকেরা। ২ সপ্তাহের সেই সফর সেরে মঙ্গলবার রাত ১২টা ১৫ মিনিট নাগাদ কলকাতা বিমানবন্দরে পা রাখেন তিনি।

বিমানবন্দরের বাইরে বেরিয়ে পাঁচ দেশে সফর নিয়ে অভিষেক বলেন, "প্রায় ১৫ দিন পাঁচটা দেশে আমরা গিয়েছি। নানা বৈঠক হয়েছে। বুধবার বিদেশমন্ত্রী একটি বৈঠক ডেকেছেন। যে প্রতিনিধি দলগুলি গিয়েছিল, তাদের সঙ্গে উনি আলাদা করে বসতে চান। আমি বুধবারের বৈঠকে উপস্থিত থাকতে পারব না। আমার পূর্ব নির্ধারিত কিছু বৈঠক ও কর্মসূচি রয়েছে। যেহেতু আমি অনেকদিন দেশের বাইরে ছিলাম। এর মধ্যে কালীগঞ্জে উপনির্বাচনের দিন ঘোষণা হয়েছে। আমার এলাকার নিজস্ব কিছু কাজকর্ম রয়েছে। আমি সেগুলো নিয়ে আগামী ২-৪ দিন ব্যস্ত থাকব। আমি বিদেশমন্ত্রককে জানিয়েছি, আমার যা মতামত লিখিতভাবে জানাব। সরকারকে জানানোর পর আমার মতামত আমি আপনাদের কাছে তুলে ধরব।"

(1ম পাতার পর)

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে অস্ট্রেলিয়ার উপপ্রধানমন্ত্রী তথা প্রতিরক্ষা মন্ত্রীর সাক্ষাৎ

নেতা এই অংশীদারিত্ব আরও মজবুত করে তোলার পন্থা পদ্ধতি নিয়ে আলোচনা করেন। প্রতিরক্ষা, শিল্প সহযোগিতা, প্রাণবন্ত সরবরাহশৃঙ্খল, বিরল খনিজ, নতুন ও উদীয়মান প্রযুক্তির মতো বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির উপর জোর দেন তাঁরা। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সুস্থিতি, নিরাপত্তা ও সমৃদ্ধি বজায় রাখার অভিন্ন দৃষ্টিভঙ্গি দ্বিপাক্ষিক সহযোগিতার চালিকাশক্তি বলে তাঁরা উল্লেখ করেন।

উপপ্রধানমন্ত্রী মার্লেস সীমান্তপারের সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের প্রতি অস্ট্রেলিয়ার সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছেন।

এই বছরের শেষের দিকে ভারত-অস্ট্রেলিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসার জন্য প্রধানমন্ত্রী, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী আলবানিজকে আমন্ত্রণ জানান।

# বিশ্ব পরিবেশ দিবসে বিশেষ বৃক্ষরোপণ অভিযানের নেতৃত্বে প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে নতুন দিল্লির ভগবান মহাবীর বনস্থলী পার্কে এক বিশেষ বৃক্ষরোপণ অভিযানের নেতৃত্ব দেবেন। সকাল ১০:১৫ মিনিটে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে।

এক পেড় মা কে নাম কর্মসূচির আওতায় একটি বটগাছ রোপণ করবেন প্রধানমন্ত্রী। ৭০০ কিলোমিটার দীর্ঘ আরাবল্লী পর্বতমালার বনসৃজনের লক্ষ্যে গৃহীত 'আরাবল্লী গ্রিন ওয়াল' প্রকল্পের অংশ হিসেবে এই বৃক্ষরোপণ কর্মসূচি।



এই পর্বতমালায় ছড়িয়ে থাকা দিল্লি, রাজস্থান, হরিয়ানা এবং গুজরাটের ২৯টি জেলায় এই প্রকল্প রূপায়িত হবে। এই প্রকল্পের মাধ্যমে এলাকার মানুষের কর্মসংস্থানের পাশাপাশি আয়েরও সুযোগ সৃষ্টি হবে।

প্রধানমন্ত্রী দিল্লিতে ২০০টি বৈদ্যুতিক বাসেরও যাত্রার সূচনা করবেন।

# ৬ জুন জম্মু-কাশ্মীর সফরে প্রধানমন্ত্রী



**নতুন দিল্লি, ০৪ জুন, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামী ৬ জুন জম্মু-কাশ্মীর সফরে যাচ্ছেন। ওই অঞ্চলের রেল পরিকাঠামো ও সংযোগ ব্যবস্থার উন্নয়নসাধনের যে অঙ্গীকার প্রধানমন্ত্রী করেছিলেন, তার সঙ্গে সাযুজ্য রেখে তিনি সকাল ১১টা নাগাদ চন্দ্রভাগা সেতুর সূচনা করবেন। এর পর তিনি আঞ্জি সেতুর উদ্বোধন করবেন। দুপুর ১২টা নাগাদ সূচনা করবেন বন্দে ভারত ট্রেনের যাত্রার। এর পর কাটরায় তিনি ৪৬,০০০ কোটি টাকারও বেশি একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের সূচনা ও শিলান্যাস করবেন।

চন্দ্রভাগা ও আঞ্জি রেল সেতু

চন্দ্রভাগা নদী থেকে ৩৫৯ মিটার উঁচুতে নির্মিত বিশ্বের উচ্চতম এই খিলান রেল সেতু এক স্থাপত্য বিস্ময়। ১,৩১৫ মিটার দীর্ঘ ইস্পাতের তৈরি এই চন্দ্রভাগা সেতু, ভূমিকম্প ও বাতাসের চাপ সহ্য করার উপযোগী করে নির্মাণ করা হয়েছে। এর ফলে, জম্মু ও শ্রীনগরের মধ্যে সংযোগ আরও সহজ হবে। বন্দে ভারত ট্রেনের সাহায্যে মাত্র ৩ ঘণ্টায় কাটরা থেকে শ্রীনগর যাতায়াত করা সম্ভব হবে, এতে বর্তমানের থেকে ২-৩ ঘণ্টা সময় বাঁচবে।

আঞ্জি সেতু ভারতের প্রথম কেবল রেল সেতু, বন্ধুর ভূ-প্রকৃতিতে এই সেতু যোগাযোগ আরও সহজ করবে।

সংযোগ প্রকল্প এবং অন্যান্য উন্নয়নমূলক প্রয়াস

প্রধানমন্ত্রী উধমপুর-শ্রীনগর-বারামুলা রেলশাখা জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। ৪৩,৭৮০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ২৭২ কিলোমিটার দীর্ঘ এই শাখায় ৩৬টি সুড়ঙ্গ (১১৯ কিলোমিটার দীর্ঘ) এবং ৯৪৩টি সেতু রয়েছে। এর ফলে, কাশ্মীর উপত্যকার সঙ্গে দেশের অন্যান্য অংশের সব মরশুমে

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করতেই আইনি নোটিস গেল শিক্ষা দফতরের বড়-বড় কর্তাদের কাছে

স্কুল শিক্ষা দফতরের সচিব বিনোদ কুমার, স্কুল শিক্ষা দফতরের কমিশনার, স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার এবং মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়কে আদালত অবমাননার আইনি নোটিস পাঠালেন আইনজীবী। সুপ্রিম কোর্টের নির্দেশকে ইচ্ছাকৃতভাবে অবমাননা করা হয়েছে বলে অভিযোগ।এই আবহের মধ্যেই আদালত অবমাননার নোটিস গেল গেল শিক্ষাদফতরের একাধিক আধিকারিকদের কাছে। অভিযোগ,সুপ্রিম নির্দেশ মেনে এখনও টাকা ফেরতের প্রক্রিয়া শুরু হয়নি, OMR প্রকাশ করা হয়নি, যোগ্যদের পাশাপাশি অযোগ্যদেরও নিয়োগপ্রক্রিয়ায় অংশ নেওয়ার সুযোগ করে দেওয়া হচ্ছে বলে অভিযোগ। পাশাপাশি ২০১৬ সালের বিধি না মেনে ২০২৫ সালের বিধি নিয়োগ প্রক্রিয়া সংগঠিত করা হবে জানানো হয়েছে। ফলে এটাও সুপ্রিম কোর্টের নির্দেশের অবমাননা বলে অভিযোগ করা হয়েছে।এরপরই আইনি নোটিস পাঠানো হয়েছে বলে খবর।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে ৩১ মে'র আগেই নতুন করে চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। আর সেই বিজ্ঞপ্তি সরকার প্রকাশ করতেই মামলা দায়ের হয়ে গিয়েছে হাইকোর্টে। মামলাকারী লুবানা পারভিনের অভিযোগ, ৪৪ হাজার নিয়োগের যে বিজ্ঞপ্তি ও রুল প্রকাশ করা হয়েছে তা বৈধ নয়। শীর্ষ আদালতের একাধিক নির্দেশ মানা হয়নি। তার মধ্যে যেমন রয়েছে সিলেকশন প্রসেসের রুল, তেমনই বয়সের ছাড়ের ক্ষেত্রেও নির্দেশ মানেনি রাজ্য বলে অভিযোগ। এই রকমই একাধিক অভিযোগ তুলে হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। আগামী ৫ জুন বিচারপতি রাজা বসু চৌধুরীর বেঞ্চে এই মামলার শুনানি।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(আটচল্লিশতম পর্ব)



অত্যন্ত সুন্দর এবং দুই হাত বিশিষ্ট । তিনি পদ্ম ফুলের উপর উপবিষ্ট গায়ের রঙ ধূসর সাদা উজ্জ্বল হলুদ ও নীলাভ হয়ে থাকে । দেবী লক্ষী সৌন্দর্যের দেবী , সম্পদের দেবী । আমাদের পরিবারের উন্নতি নির্ভর করে সম্পদের উপর আর এই সম্পদ গুলোর মধ্যে রয়েছে ভূমি পশু জ্ঞান ধৈর্য সততা ইত্যাদি। লক্ষী পূজার পদ্ধতি---- যেকোনো পূজা করতে পূজা বিধি অনুসরণ করতে হয় ।লক্ষী পূজার পদ্ধতি হিসেবে শুদ্ধ আসনে বসে আচমন থেকে শুরু করে পঞ্চ দেবতার পূজা করতে হয়। অতঃপর লক্ষী ধ্যান করে বিভিন্ন উপকরণ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## ৬ জুন জম্মু-কাশ্মীর সফরে প্রধানমন্ত্রী

চলাচলের উপযোগী যোগাযোগ স্থাপিত হবে। এর সুবাদে আঞ্চলিক পরিবহণ ব্যবস্থার রূপান্তর ঘটবে, আর্থ-সামাজিক সংযুক্তিকরণের পথ প্রশস্ত হবে।

প্রধানমন্ত্রী শ্রী মাতা বৈষ্ণোদেবী কাটরা ও শ্রীনগরের মধ্যে দুটি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করবেন। পর্যটক, স্থানীয় বাসিন্দা ও তীর্থযাত্রীদের সামনে দ্রুতগতির নির্ভরযোগ্য এবং আরামদায়ক ভ্রমণের সুযোগ এনে দেবে এই ট্রেন।

প্রান্তিক, বিশেষত সীমান্ত এলাকায় সংযোগ স্থাপনের উন্নয়নে প্রধানমন্ত্রী বিভিন্ন সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। তিনি জাতীয় মহাসড়ক ৭০১-এ রফিয়াবাদ থেকে কুপওয়াড়া পর্যন্ত শাখার প্রশস্তকরণ কাজের শিলান্যাস করবেন। জাতীয় মহাসড়ক ৪৪৪-এ ১,৯৫২ কোটি টাকারও বেশি ব্যয়ে নির্মিত সোপিয়ান বাইপাস রোডের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। জাতীয় মহাসড়ক ১-এর সংগ্রামা মোড়ে এবং জাতীয় মহাসড়ক ৪৪-এর বেমিনা মোড়ে দুটি উড়ালপুলের উদ্বোধন করবেন তিনি। এই প্রকল্পগুলি স্থানীয় যানজট দূর করতে এবং যানবাহনের গতি বাড়াতে সহায়ক হবে।

প্রধানমন্ত্রী কাটরায় শ্রী মাতা বৈষ্ণোদেবী ইনস্টিটিউট অফ মেডিকেল এক্সেলেন্সের শিলান্যাস করবেন। এটি নির্মাণ করতে ৩৫০ কোটি টাকারও বেশি ব্যয় হবে। রিয়াসি জেলায় এটিই প্রথম মেডিকেল কলেজ হতে চলেছে। এর সুবাদে ওই অঞ্চলের স্বাস্থ্য পরিচর্যা পরিকাঠামো আরও মজবুত হবে।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তাকে ও তার বংশধরদের পর্বতীয়া গোসাই বলা হত। কারন তারা নীলাচল পর্বতের উপর থাকতেন। কামাখ্যা মন্দিরের অনেক পুরোহিত এবং আসামের অনেক আধুনিক শাক্ত এই পর্বতীয়া গোসাইদের শিষ্য।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সুন্দরবনে মেগা ম্যারাথন!

নুরসেলিম লস্কর, বাসন্তী




বুধবার সকালে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীর ঝড়খালী তে অনুষ্ঠিত হলো 'সুন্দরবন মেগা ম্যারাথন'। এদিন সকালে ঝড়খালী লোকনাথ সংঘের আয়োজিত প্রথম বর্ষের এই ম্যারাথনের ফ্ল্যাগ অন করে শুভ সূচনা করেন ঐ সংঘের সম্পাদক সত্যজিৎ মন্ডল। বাসন্তীর চৌরঙ্গী মোড় থেকে ঝড়খালী বাজার পর্যন্ত ৮ কিলোমিটারের এই মেগা ম্যারাথনে জেলার বিভিন্ন ব্লক থেকে প্রতিযোগিরা অংশগ্রহণ করেন।

আর প্রত্যন্ত সুন্দরবনে আয়োজিত এই মেগা ম্যারাথন আয়োজন সম্পর্কে জানতে চাইলে ঝড়খালী লোকনাথ সংঘের সভাপতি জানান যে, "আমাদের এই সুন্দরবন মেগা ম্যারাথনের

উদ্দেশ্য ছিল শারীরিক সুস্থতা, পরিবেশ সচেতনতা এবং সুন্দরবনকে ভালোবাসার বার্তা ছড়িয়ে দেওয়া লক্ষ্যে সেই সঙ্গে আমাদের এই লোকনাথ সেবা সংঘ দীর্ঘদিন ধরে সুন্দরবন অঞ্চলে সমাজকল্যাণমূলক কাজের সঙ্গে যুক্ত আর আমরা আমাদের এই আয়োজন আজকের শুধুমাত্র এক ক্রীড়া প্রতিযোগিতা হিসাবে নয় বরং সুন্দরবনের পরিবেশ ও মানুষের জীবনের সঙ্গে সংযোগ গড়ে তোলার এক কার্যক্রম হিসাবে প্রতিষ্ঠিত করতে আজ চেয়েছিলাম!

আর এই দিনের এই মেগা ম্যারাথন প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে তুলে দেওয়া হয় পদক, শংসাপত্র সহ নগত টাকাও। সেই সঙ্গে এদিনের এই সুন্দরবন মেগা ম্যারাথন দেখতে স্থানীয় ক্রীড়াপ্রেমী যুবক-যুবতী, ছাত্রছাত্রী এবং সাধারণ মানুষ স্বতঃস্ফূর্তভাবে রাস্তায় দুই পাশে ভীড় জমিয়েছিলেন। আর সব মিলিয়ে বুধবারের সকাল ঝড়খালীর সবুজ প্রকৃতি ও নদীঘেরা পরিবেশে এই দৌড় প্রতিযোগিতা এক অনন্য অভিজ্ঞতা হয়ে ওঠে স্থানীয় বাসিন্দা থেকে শুরু করে দূর দূরন্ত থেকে আসা দর্শকদের কাছে।

## ভোট পরবর্তী হিংসা মামলায় ৬ তৃনমূল কর্মীর জামিন খারিজ করে পুলিশকে তীব্র ভর্ৎসনা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভোটপরবর্তী হিংসা মামলায় অভিযুক্তদের জামিন খারিজ করে রাজ্য পুলিশ ও প্রশাসনকে তীব্র ভর্ৎসনা করল সুপ্রিম কোর্ট। বীরভূমের একটি ভোট পরবর্তী হিংসা মামলায় রাজ্য সরকারকে তার কর্তব্য স্মরণ করিয়েছেন বিচারপতি বিক্রম নাথ ও বিচারপতি সন্দীপ মেহেতা। মামলার শুনানিতে বিচারপতিরা মন্তব্য করেন, যে ভাবে ভোট পরবর্তী হিংসায় বিরোধীরা আক্রান্ত হয়েছে তা গণতন্ত্রের মূলে কুঠারাঘাত।সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ নিয়ে রাজ্য বিজেপির সাধারণ সম্পাদক জগন্নাথ সরকার বলেন, 'কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলে গেছেন, হিংসা ছাড়া ভোট হলে মমতা বন্দ্যোপাধ্যায়ের জামানতও জব্দ হবে। ভোট পরবর্তী হিংসায় বিজেপি কর্মীদের ওপর হামলা, খুন ও অত্যাচারের যে ঘটনা ঘটেছে, তার অপরাধীরা পাতালে প্রবেশ করে থাকলেও টেনে বার করে শাস্তি দেবে বিজেপি সরকার।'

তিনি বলেন, রাজ্যে ভোট পরবর্তী হিংসায় ১ লক্ষ বিজেপি কর্মী ঘরছাড়া হয়েছেন, ১২ হাজার অভিযোগ হয়েছে, ৫৬টি খুন ও ৮ - ১০টি যৌন নিগ্রহের অভিযোগের সিবিআই তদন্ত চলছে। ৪০০র বেশি তৃণমূলি গুন্ডা গ্রেফতার হয়েছে। রাজ্য পুলিশ শুনানিতে চূড়ান্ত অসহযোগিতা করছে। তাই

এরপর ৬ পাতায়



### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# স্টিল-অ্যালুমিনিয়ামে ৫০ শতাংশ শুল্ক, ট্রাম্পের কোপে বিপাকে ভারতীয় সংস্থাগুলি!

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



স্টিল ও অ্যালুমিনিয়াম আমদানির উপর শুল্ক দ্বিগুণ করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিদেশ থেকে এই ধাতু আমদানি করলে আজ থেকে গুণতে হবে ৫০ শতাংশ শুল্ক। মার্কিন সংস্থাগুলির স্বার্থরক্ষার উদ্দেশে এই পদক্ষেপ করা হয়েছে দাবি করা হচ্ছে। ট্রাম্পের এই পদক্ষেপ ভারতীয় সংস্থাগুলির জন্য বড় ধাক্কা বলে মনে করা হচ্ছে।জানা যাচ্ছে, আমেরিকার চিন নির্ভরতা কমাতেই এই পদক্ষেপ নিয়েছেন ট্রাম্প। এই ইস্যুতে মার্কিন প্রেসিডেন্ট আগেই জানিয়েছিলেন, 'আমরা চাই না যে আমেরিকার ভবিষ্যত সাংহাইয়ের নিম্নমানের ইস্পাত দিয়ে তৈরি হোক। বরং আমরা চাই পিটসবার্গের শক্তি এবং গর্বের সাথে গড়ে উঠুক আমেরিকা।' যদিও ট্রাম্পের সিদ্ধান্তের বিরোধিতায় সরব হয়েছে ইউরোপীয় ইউনিয়ন। এই পদক্ষেপের নিন্দা করার পাশাপাশি আমেরিকার বিরুদ্ধে প্রতিশোধ মূলক পদক্ষেপের হুঁশিয়ারি দিয়েছে তারা।এই সিদ্ধান্তের পরই স্টিল ও অ্যালুমিনিয়াম সংক্রান্ত একাধিক সংস্থায় শেয়ারে ব্যাপক রক্তক্ষরণ চোখে পড়ে।

গত ৩০ মে পেনশিলভেনিয়া সফরে গিয়ে স্টিল কর্মীদের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন ডোনাল্ড ট্রাম্প। সেখানেই ঘোষণা করেন দেশে স্টিল আমদানির উপর শুল্ক দ্বিগুণ করবেন তিনি। এরপরই সোশাল মিডিয়া প্ল্যাটফর্ম ট্রুথ-এ তিনি ঘোষণা করেন স্টিল ও অ্যালুমিনিয়াম আমদানির উপর শুল্ক বসানো হবে ৫০ শতাংশ। নয়া এই নীতি লাগু করা হবে ৪ জুন থেকে। তবে বাকি দেশের জন্য এই পণ্যের আমদানি শুল্ক ৫০ শতাংশ হলেও, গতমাসে সাক্ষরিত হওয়া মার্কিন-ব্রিটেন বাণিজ্য চুক্তির জেরে ব্রিটেনের ক্ষেত্রে এই শুল্ক থাকবে ২৫ শতাংশ।

এদিকে ডোনাল্ড ট্রাম্পের এহেন পদক্ষেপের জেরে বড়সড় ধাক্কা খেয়েছে ভারতের স্টিল ও অ্যালুমিনিয়ামের বাজার। ভারতীয় স্টিল ও অ্যালুমিনিয়ামের একটি বড় অংশ রপ্তানি করা হয় আমেরিকায়। যার জেরে মার্কিন প্রেসিডেন্টের এই ঘোষণার পরদিনই গত সোমবার দেশের স্টিল সেক্টরে বড় ধাক্কা দেখা যায়, ভারতীয় সংস্থা জেএসডব্লু স্টিল, সেল, টাটা স্টিল, বেদান্ত-সহ একাধিক সংস্থার শেয়ার নিচের দিকে নামতে শুরু করে। এছাড়া অটোমোবাইল-সহ অন্যান্য সংস্থা যাঁদের পণ্য প্রস্তুতে স্টিল ও অ্যালুমিনিয়াম ব্যবহার হয়, সেই সেক্টর গুলিতেও পতন দেখা যায়। সোমবারের পর বুধবারও এই সংস্থাগুলির শেয়ারে বিশেষ অগ্রগতি চোখে পড়েনি।

(৫ পাতার পর)

# ভোট পরবর্তী হিংসা মামলায় ৬ তৃনমূল কর্মীর জামিন খারিজ করে পুলিশকে তীব্র ভর্ৎসনা

সিবিআই মামলাগুলি অন্য রাজ্যে সরানোর আবেদন করেছে। লুঙ্গিবাহিনী আক্রান্তদের ভয় দেখাচ্ছে। তার সঙ্গে যুক্ত রয়েছে পুলিশ। সামান্যতম সংবেদনশীলতা ও সহানুভূতি থাকলে এই সরকার আক্রান্তদের সুবিচার দেওয়ার জন্য উদ্যোগী হত।২০২১ সালের ভোট পরবর্তী হিংসায় বীরভূমে এক পরিবারের ওপর হামলা চালানোর অভিযোগ ওঠে তৃণমূলি দুষ্কৃতীদের বিরুদ্ধে। এক বিজেপি কর্মীর বাড়ি ভাঙচুর ও লুঠপাটের পর বিজেপি কর্মীর স্ত্রীকে বাড়ি থেকে টেনে বার করে দুষ্কৃতীরা। এর পর তাঁকে বিবস্ত্র করে যৌন হেনস্থা করে তারা। গায়ে কেরোসিন ঢেলে কোনওক্রমে প্রাণে বাঁচেন সেই বধূ। অভিযোগ, এই ঘটনায় FIR গ্রহণ করেনি পুলিশ। এমনকী পরিবারটিকে এলাকা ছেড়ে চলে যেতে পরামর্শ দেন পুলিশ আধিকারিকরা। সেই ঘটনায় ২০২১ সালে কলকাতা হাইকোর্টের নির্দেশে FIR দায়ের করে তদন্ত শুরু করে CBI. গ্রেফতার করে ৬ তৃণমূলি দুষ্কৃতীকে। ২০২৩ সালে কলকাতা হাইকোর্ট থেকে জামিন পেয়ে যায় তারা। সেই জামিনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল সিবিআই। সিবিআইয়ের আবেদনের প্রেক্ষিতে ৬ জনের জামিনের আবেদন করে রাজ্যের পুলিশকে তীব্র ভর্ৎসনা করেছে সুপ্রিম কোর্ট।

আদালতের মন্তব্য, 'এটা অত্যন্ত উদ্বেগের। আমরা নিশ্চিত বিবাদীসহ অন্যান্য অভিযুক্তরা বিরোধী রাজনৈতিক দলের সদস্যদের সন্ত্রস্ত করার চেষ্টা করছিলেন।' আদালত একটি একটি 'স্পষ্ট প্রতিহিংসা চরিতার্থ করার ঘটনা' বলেও উল্লেখ করেছে।

সর্বোচ্চ আদালতের আশঙ্কা, এই মামলায় অভিযুক্তরা মুক্ত থাকলে মামলার নিরপেক্ষ শুনানি সম্ভব নয়। কারণ অভিযুক্তরা রাজনৈতিকভাবে প্রভাবশালী। তারা এতটাই প্রভাবশালী যে তারা F I R দায়েরেও বাধা দিয়েছিল। এতে প্রমাণিত হয় যে অভিযোগকারীর আশঙ্কা কতটা সত্য। অভিযুক্তরা এলাকাতে তো বটেই এমনকী পুলিশকেও প্রভাবিত করার ক্ষমতা রাখে।'

(২ পাতার পর)

## বিকশিত কৃষি সংকল্প অভিযান

বিস্তারিত আলোচনা হয়। কেন্দ্রীয় সরকার কৃষকদের উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প চালু করেছেন এবং বৈজ্ঞানিক উপায়ে কিভাবে চাষ করে কৃষক উন্নত হতে পারবেন সেইসব বিকশিত কৃষি সংকল্প অভিযান শুরু হয়েছে। এই অভিযানের মাধ্যমে কৃষকরা অনেক কিছু জানতে পারবেন কৃষক ব্যাপকভাবে উপকৃত হবেন বলে জানিয়েছেন। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন মালদা কৃষিবিজ্ঞান কেন্দ্র বিষয়বস্তু বিশেষজ্ঞ (শস্য সুরক্ষা) ড. পারমিতা ভৌমিক, মালদা কৃষি বিজ্ঞান কেন্দ্র বিষয়বস্তু বিশেষজ্ঞ (উদ্যান পালন) ডাঃ শুদ্ধ সূচি দাস, মালদা কৃষিবিজ্ঞান কেন্দ্র ফাম ম্যানেজার ডাঃ বঙ্কিমচন্দ্র রুদ্র অন্যান্যরা।

# সিনেমার খবর

## ফের বিতর্কে জাহ্নবী কাপুর

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



নিজের সিনেমা 'হোমবাউন্ড' নিয়ে এবারের কান চলচ্চিত্র উৎসবে যোগ দেন বলিউড অভিনেত্রী জাহ্নবী কাপুর। নিজের স্টাইলে লাল গালিচায় হেটে নজর কেড়েছেন সবার। সেখানে এক সাক্ষাৎকারে 'হোমবাউন্ড' সিনেমায় তার চরিত্র সুধাকে নিয়ে কথা বলতে গিয়ে টেনে আনেন বিআর আম্বেডকরকে। জাহ্নবীর সেই বক্তব্য জন্ম দিয়েছে বিতর্কের।

জাহ্নবীর বক্তব্য, আম্বেডকর সমাজের জন্য যা কিছু করেছেন, সবটাই তিনি সমর্থন করেন।

মুলত, 'হোমবাউন্ড' সিনেমায় সুধা চরিত্রটি আম্বেডকরের সমর্থক। বাস্তবে আম্বেডকরের রাজনৈতিক আদর্শ তিনি নিজেও সমর্থন করেন বলে জানান জাহ্নবী।

অভিনেত্রী বলেন, "আম্বেডকর সমাজের বহু বিষয়ে কথা বলেছেন এবং লড়াই করেছেন। সেগুলো সমর্থন করি আমি। বিভিন্ন কারণে তাকে এই সম্মান দেওয়া হয়। সমাজের জন্য তিনি যা কিছু করেছিলেন, তা আমি সমর্থন করি। এই চরিত্রে অভিনয় করতে গিয়ে আম্বেডকরকে আরও ভালভাবে বুঝেছি।'

জাহ্নবীর এই মন্তব্য শুনে নেটিজেনদের দাবি, আম্বেডকরকে ভালভাবে চেনেনই না জাহ্নবী। একজন বলেছেন, 'কত কিছুই বললেন জাহ্নবী। কিন্তু কিছুই স্পষ্ট করে বলতে পারলেন না। আসলে আপনি কিছুই জানেন না।' আর একজন প্রশ্ন তুলেছেন, 'আচ্ছা জাহ্নবী বলুন তো, আম্বেডকর সমাজের জন্য ঠিক কী কী করেছিলেন?'

'হোমবাউন্ড' ছবিতে অভিনয় করার পরে রাজনীতিতেও আগ্রহী হয়েছেন জাহ্নবী। অভিনেত্রীর কথায়, 'আমাকে এত গভীরে গিয়ে ভাবতে উৎসাহ দেওয়ার জন্য নির্মাতার কাছে আমি ঋণী। চলচ্চিত্র, ইতিহাস ও রাজনীতি নিয়ে আমি সব সময়েই কৌতূহলী। এ ছাড়া, তিনি যেভাবে মানুষকে সম্মান করেন এবং সবার সঙ্গে তার আচরণ আমাকে অনুপ্রাণিত করেছে।'

## 'জিসম' ছিল আমার ক্যারিয়ারের জুয়া: বিপাশা বসু

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউডে 'জিসম' ছবির নাম উঠলেই প্রথমেই মনে পড়ে বিপাশা বসুর কথা। এই ছবি শুধু তাঁর ক্যারিয়ারে নয়, বলিউডে সাহসী গল্প বলার ক্ষেত্রেও এক মাইলফলক। ২০০৩ সালে মুক্তি পাওয়া এই ছবিতে বিপাশার বিপরীতে ছিলেন জন আব্রাহাম। ছবিটি দুই তারকার ক্যারিয়ারেই নিয়ে আসে গুরুত্বপূর্ণ মোড়।

সম্প্রতি এক সাক্ষাৎকারে ৪৬ বছর বয়সি এই অভিনেত্রী জানান, 'জিসম' ছিল তাঁর জীবনে এক প্রকার জুয়া খেলা। সেই সময় ক্যারিয়ারের শীর্ষে ছিলেন বিপাশা। প্রচলিত বলিউড হিরোইনের গণ্ডির বাইরে গিয়ে একটি সাহসী এবং নেতিবাচক চরিত্রে অভিনয়ের সিদ্ধান্ত সহজ ছিল না।

বিপাশা বলেন, "আমার চারপাশের সবাই এই চরিত্র করতে নিষেধ করেছিলেন। তাঁদের মতে, আমি যদি দর্শকের ঘৃণার পাত্রী হয়ে যাই, তা আমার কেরিয়ারের জন্য ক্ষতিকর হবে। কিন্তু আমি কারও কথা শুনিনি। চিত্রনাট্যটা এতটাই হৃদয় ছুঁয়ে গিয়েছিল যে, কাজটা করতেই মন থেকে রাজি হয়ে যাই।"

ছবিটির গল্প ও চিত্রনাট্য লিখেছিলেন মহেশ ভাট, পরিচালনায় ছিলেন অমিত সাক্সেনা। জন আব্রাহামের এটি ছিল প্রথম বলিউড ছবি। মুক্তির পর 'জিসম' বক্স অফিসে ভালো সাফল্য পায়, যদিও সমালোচক মহলে মিশ্র প্রতিক্রিয়া তৈরি হয়।

বিপাশা আরও বলেন, 'জিসম'-এর চরিত্রটি আজও পপ কালচারের অংশ। বহু মানুষ আমার লুক থেকে অনুপ্রাণিত হয়ে 'তামাটে ব্রঞ্জ লুক' গ্রহণ করেছিলেন। ছবিটি বলিউডে একটি নতুন ধারা তৈরি করেছিল, যেখানে নায়িকাও নেতিবাচক হতে পারেন।

## প্রভাসের সঙ্গে দীপিকার পরিবর্তে তৃপ্তি দিমরি



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

প্রভাস অভিনীত 'স্পিরিট' সিনেমায় অভিনয় করার কথা ছিল দীপিকা পাড়ুকোনের। কিন্তু পারিশ্রমিকসহ নানা বিষয়ে মতানৈক্যের কারণে সরে দাঁড়ান তিনি। দীপিকার স্থানে কাকে নেওয়া হবে তা নিয়ে ছিল গুঞ্জন। এবার নির্মাতারা খুঁজে পেলেন নতুন মুখ। 'অ্যানিম্যাল' ও 'কবির সিং'-এর পরিচালক সন্দীপ রেড্ডি বাঙ্গার এই সিনেমায় মুখ্য ভূমিকায় দেখা যাবে তৃপ্তি দিমরিকে।

শনিবার নিজের ইনস্টাগ্রামে ছবির একটি পোস্টার শেয়ার করে 'স্পিরিট'-এ নিজের উপস্থিতির কথা আনুষ্ঠানিকভাবে জানিয়েছেন তৃপ্তি। তিনি লেখেন, 'এখনও বিশ্বাস হচ্ছে না। এই যাত্রার অংশ হতে পেরে কৃতজ্ঞ। ধন্যবাদ সন্দীপ রেড্ডি বাঙ্গা, আমি গর্বিত।'

পরিচালক সন্দীপ রেড্ডি বাঙ্গাও সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছা জানিয়েছেন তৃপ্তিকে। তিনি লিখেছেন, 'আমার ছবির প্রধান নারী চরিত্র এখন অফিসিয়ালি ঘোষিত।'

এই প্রথমবার একসঙ্গে স্ক্রিন শেয়ার করতে চলেছেন প্রভাস ও তৃপ্তি। তাদের জুটি নিয়ে ইতোমধ্যেই দর্শকমহলে আগ্রহ তুঙ্গে। পাশাপাশি, এটি তৃপ্তির দ্বিতীয় ছবি পরিচালক সন্দীপ রেড্ডি বাঙ্গা, প্রযোজক ভূষণ কুমার এবং প্রণয় রেড্ডি বাঙ্গার সঙ্গে। এর আগে তারা একসঙ্গে কাজ করেছেন সুপারহিট ছবি 'অ্যানিম্যাল'-এ, যেখানে মুখ্য ভূমিকায় ছিলেন রণবীর কাপুর।

কিছুদিন আগেই প্রকাশ্যে আসে খবর, দীপিকা পাড়ুকোন 'স্পিরিট' থেকে বেরিয়ে গিয়েছেন। অভিনেত্রীর বেশ কিছু শর্ত—যেমন দিনে সর্বোচ্চ আট ঘণ্টা কাজ, মোটা অঙ্কের পারিশ্রমিক এবং ছবির লাভের একটি শতাংশ দাবি। আর এতেই পরিচালকের সঙ্গে মতবিরোধ তৈরি হয়।

বর্তমানে তৃপ্তির হাতে রয়েছে 'ধাড়ক ২' ও বিশাল ভরদ্বাজের একটি সিনেমা। দীপিকা এখন কাজ শুরু করতে যাচ্ছেন সিদ্ধার্থ আনন্দ পরিচালিত ক্রাইম থ্রিলার 'কিং' সিনেমায়। এখানে তিনি আবারও একসঙ্গে কাজ করবেন শাহরুখ খান ও পরিচালক আনন্দের সঙ্গে। ছবিতে আরও অভিনয় করছেন সুহানা খান, অভয় ভার্মা, জয়দীপ আহলাওয়াত, অনিল কাপুর, জ্যাকি শ্রফ, রানী মুখার্জি ও অভিষেক বচ্চনের মতো তারকারা।

# প্রথমবারের মতো আইপিএল শিরোপা জিতল কোহলির বেঙ্গালুরু

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



দীর্ঘ ১৮ বছরের অপেক্ষা আর তিনবারের ফাইনাল হতাশা শেষে অবশেষে কাঙ্ক্ষিত স্বপ্ন পূরণ করল রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। ২০২৫ আইপিএলের রোমাঞ্চকর ফাইনালে পাঞ্জাব কিংসকে ৬ রানে হারিয়ে প্রথমবারের মতো আইপিএল ট্রফি জিতে নিল বিরাট কোহলির দল।

আজ সোমবার আহমেদাবাদে অনুষ্ঠিত আইপিএল ২০২৫-এর ফাইনালে পাঞ্জাব কিংসকে ৬ রানের ব্যবধানে হারিয়ে শিরোপা নিশ্চিত করে রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু।

ম্যাচের শুরুতে টস জিতে ব্যাটিংয়ে নামে বেঙ্গালুরু। নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে তারা তোলে ১৯০ রান। দলের পক্ষে ব্যাট হাতে উল্লেখযোগ্য অবদান রাখেন অধিনায়ক বিরাট কোহলি ও গ্লেন ম্যাক্সওয়েল।

জবাবে লক্ষ্য তাড়ায় নেমে পাঞ্জাব কিংসও লড়াই করে, তবে শেষ পর্যন্ত নির্ধারিত ওভারে ১৮৪ রানেই থেমে যায় তাদের ইনিংস।

১৯১ রানের লক্ষ্য তাড়ায় পাঞ্জাব শুরুটা বেশ ভালো করে। ওপেনার প্রবসিমরান সিং ও প্রিয়ন্স আর্য গড়েন ৪৩ রানের উদ্বোধনী জুটি। তবে দ্রুতই ছন্দপতন ঘটে। ২২ বলে ২৬ রান করে ফেরেন প্রবসিমরান, আর মাত্র ১ রান করে বিদায় নেন অধিনায়ক শ্রেয়াস আইয়ার।

জশ ইংলিস ভালো শুরু করলেও ইনিংস বড় করতে ব্যর্থ হন, ২৩ বলে ৩৯ রান করে আউট হন। নেহাল ওয়াধেরাও রান করতে পারেননি, ১৮ বলে করেন মাত্র ১৫। শেষদিকে শশাঙ্ক সিং একাই লড়াই করেন। ৩০ বলে ৬১ রানের ইনিংসে মারেন ৬টি ছক্কা ও ৩টি চার, কিন্তু দলকে জেতাতে পারেননি।

বেঙ্গালুরুর হয়ে বোলিংয়ে সবচেয়ে বড় পার্থক্য গড়েন ক্রুনাল পান্ডিয়া। তিনি ৪ ওভারে মাত্র ১৭ রান দিয়ে গুরুত্বপূর্ণ দুটি উইকেট তুলে নেন। ২ উইকেট নেন ভুবনেশ্বর কুমারও। চাপের মুখে শেষ ওভারে কেবল ৬ রান দরকার থাকলেও পাঞ্জাব সেটা তুলতে ব্যর্থ হয়, এবং হেরে যায় ৬ রানে।

আগে ব্যাট করতে নেমে বেঙ্গালুরুর ইনিংসে শুরুটা ভালো ছিল না। দলীয় ১৮ রানে আউট হয়ে যান ওপেনার ফিল সল্ট। এরপর কোহলি ও মায়াঙ্ক আগারওয়াল দ্বিতীয় উইকেটে ৩৮ রানের জুটি গড়লেও আগারওয়াল ২৪ রান করে বিদায় নেন। রানের গতি ছিল ধীর, আর চাপের মুখে অধিনায়ক রজত পাতিদারও ফিরে যান ২৬ রান করে।

বিরাট কোহলির ব্যাটও ফাইনালে ছিল শান্ত স্বরে। ৩৫ বলে ৪৩ রান করে তিনিও ফিরে যান আজমতউল্লাহ ওমরজাইয়ের বলে। শেষদিকে কিছুটা ঝড় তোলেন জিতেশ শর্মা (১০ বলে ২৪) ও লিয়াম লিভিংস্টোন (১৫ বলে ২৫)। শেষ ৩ ওভারে ২২ রান তুলে স্কোরবোর্ডে পৌঁছে যায় ১৯০ রানে।

পাঞ্জাবের হয়ে আর্শদীপ সিং ও কাইল জেমিসন ৩টি করে উইকেট নেন।

# জয় নিশ্চিত হতেই কান্নায় ভেঙে পড়েন কোহলি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

দীর্ঘ ১৮ বছরের প্রতীক্ষা শেষে অবশেষে আইপিএল চ্যাম্পিয়নের মুকুট উঠল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মাথায়। আর এই ঐতিহাসিক মুহূর্তে আবেগে ভেসে গেলেন 'কিং' বিরাট কোহলি। মাঠেই অশ্রুসিক্ত হয়ে পড়লেন ভারতীয় ক্রিকেটের সবচেয়ে সফল ও প্রতিক্রিয়াশীল তারকাদের একজন।

বিরাট কোহলির নামের পাশে অনেক আগেই বসেছে 'কিং' তকমা। তার ব্যাটিং, নেতৃত্ব আর লড়াইয়ের মানসিকতা তাঁকে করে তুলেছে আধুনিক ক্রিকেটের অন্যতম সেরা রাজপুত্র। জাতীয় দলের হয়ে বিশ্বকাপ, চ্যাম্পিয়ন্স ট্রফি জেতার অভিজ্ঞতা থাকলেও আইপিএল ছিল সেই একমাত্র মঞ্চ, যেখানে ছিল অপূর্ণতা। অধিনায়ক হিসেবে তিনবার ফাইনালে গিয়েও ফিরতে হয়েছিল খালি হাতে। এবার সহ-অধিনায়কত্বে সেই অপূর্ণতার অবসান ঘটল।

ফাইনালের শেষ ওভারে যখন নিশ্চিত হয় বেঙ্গালুরুর জয়, তখনই ক্যামেরা ধরা পড়ে বিরাট কোহলির চোখে জল। হ্যাজেলউডের করা ১৯তম ওভারের দ্বিতীয় বলেই পরিষ্কার হয়ে যায়, ম্যাচ আর জিততে পারছে না পাঞ্জাব। সেই মুহূর্তে বিরাট হাত দিয়ে চোখ ঢেকে ফেলেন, কোমরের টাওয়েল দিয়ে চোখ মুছতে থাকেন। এরপর আর নিজেকে সামলে রাখতে পারেননি। মাঠেই বসে পড়েন, এবং কান্নায় ভেঙে পড়েন।

১৯.৪ ওভারে যখন পরবর্তী বলের জন্য আবার উঠে দাঁড়ান, তখন দর্শকদের সামনে দেখা যায় এক নতুন কোহলিকে, যিনি নিজের দীর্ঘ ক্যারিয়ারের একমাত্র অপূর্ণ স্বপ্ন পূরণ করে মুক্তির আনন্দে চোখের জল ফেলছেন।

ফাইনালে কিছু সমালোচনার মুখে পড়েছিলেন কোহলি। ধীর ইনিংস, কম স্ট্রাইক রেট। তবে ম্যাচ শেষে বিরাট জানিয়ে দেন, "আমি ইমপ্যাক্ট প্লেয়ার হতে চাই না, আমি মাঠে ইমপ্যাক্ট ফেলতে চাই। ২০ ওভার ফিল্ডিং করে, প্রতিটি বলের পেছনে ছুটে দলকে কিছু দিতে চাই।"

ওডিআই, টি-টোয়েন্টি বিশ্বকাপ, চ্যাম্পিয়ন্স ট্রফি, এবং এবার আইপিএল—সবই জিতে নিয়েছেন কোহলি। সাদা পোশাকে টেস্ট ক্রিকেটকে ইতিমধ্যেই বিদায় জানিয়েছেন তিনি। এখন শুধুই রয়ে গেছে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের শিরোপা, যা তিনি ভবিষ্যতের তরুণদের জন্য ছেড়ে দিয়েছেন।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১

● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR